

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 11-01-2026

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী বলেছেন, দেশকে বিভক্ত করার ঘড়্যন্তকারীদের পরাজিত করার জন্য আমাদের এক্যবন্ধ হতে হবে। গুজরাট সফরের দ্বিতীয় দিনে তিনি আজ ঐতিহাসিক সোমনাথ স্বাভিমান পর্বের অঙ্গ হিসেবে শৌর্য্যাত্মায় নেতৃত্ব দেন।
- ২) বিদেশমন্ত্রী সদ্য সমাপ্ত ফ্রাঙ্স ও লুকসেমবুর্গ সফরে ইউরোপের সঙ্গে ভারতের সম্পর্ক আরও ঘনিষ্ঠ হয়েছে।
- ৩) বাংলাদেশে আরো এক হিন্দু যুবকের মৃত্যুতে সেদেশে ধর্মীয় সংখ্যলঘুদের ওপর নির্যাতনের ঘটনায় উদ্বেগ বেড়েছে। পাকিস্তানেও এক হিন্দু কৃষককে হত্যা করা হয়েছে।
- ৪) মায়ানমারে সাধারণ নির্বাচনের দ্বিতীয় দফার ভোট গ্রহণ চলছে।
- ৫) গুজরাটের ভাদোদরায় তিন ম্যাচের একদিবসীয় ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি।

০০০০০০০০০০০০০০০০

গুজরাট সফরের দ্বিতীয় দিনে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঐতিহাসিক সোমনাথ স্বাভিমান পর্বের অঙ্গ হিসেবে প্রভাস পাটনে আয়োজিত বিশাল 'শৌর্য যাত্রা'-তে নেতৃত্ব দেন। যুগ যুগ ধরে সোমনাথ মন্দির রক্ষাকারী অগণিত যোদ্ধাদের সম্মান জানাতে এই যাত্রায় ১০৮টি সুজিজ্ঞত ঘোড়া ছিল। গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল, উপ-মুখ্যমন্ত্রী হর্ষ সাংঘভিও প্রধানমন্ত্রীর সঙ্গেও এখানে যোগ দিয়েছিলেন। দেশের বিভিন্ন প্রান্তের হাজার হাজার ভক্ত শোভাযাত্রায় অংশ নিয়েছিলেন। প্রধানমন্ত্রী সোমনাথ মন্দির রক্ষায়

প্রাণ উৎসর্গকারী অগণিত যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এরপর প্রধানমন্ত্রী সোমনাথ মহাদেবের পূজা এবং প্রার্থনা করেন।

A horizontal row of 15 small, black-outlined circles, evenly spaced from left to right.

সোমনাথ দর্শনের পর প্রধানমন্ত্রী বলেন, আমাদের বিভক্ত করার ষড়যন্ত্রকারী সকল শক্তিকে পরাজিত করার জন্য আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। সোমনাথ মন্দির পুনরুদ্ধারের বিরোধিতাকারী শক্তিগুলি ভারতে এখনও রয়েছে এবং তা সক্রিয়। এই ধরণের শক্তিগুলি ভারতের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে, তাই আমাদের সতর্ক এবং শক্তিশালী থাকতে হবে।

তিনি বলেন , এই মন্দিরের জন্য যারা সর্বস্ব ত্যাগ করেছিলেন তাদের গুরুত্ব দেওয়া হয়নি । পরিবর্তে কিছু রাজনীতিবিদ ও নেতা ধর্মীয়কারণে উদ্দেশ্যপ্রণোদিত হামলাগুলির পক্ষে যুক্তি সাজিয়েছিলেন । তিনি আরও অভিযোগ করেন যে ঘৃণা ও নিষ্ঠুরতার ইতিহাস আমাদের কাছ থেকে গোপন রাখা হয়েছিল এবং তোষনের রাজনীতিতে যুক্ত দলগুলি হামলাকারী শক্তির কাছে আত্মসমর্পণ করেছিল ।

(বাইট - প্রধানমন্ত্রী)

00000000000000000000

প্রধানমন্ত্রী আজ রাজকোটেও যাবেন। তিনি মারওয়াড়ি বিশ্ববিদ্যালয়ে কচ্ছ ও সৌরাষ্ট্র অঞ্চলের ভাইব্র্যান্ট গুজরাট আঞ্চলিক সম্মেলনের উদ্বোধন করবেন। গুজরাটে মোট চারটি ভাইব্র্যান্ট গুজরাট আঞ্চলিক সম্মেলন হচ্ছে। এই কর্মসূচী সৌরাষ্ট্র ও কচ্ছের বারোটি পশ্চিমাঞ্চলীয় জেলায় বিনিয়োগের সুযোগ বৃদ্ধি করবে। এ ছাড়াও প্রধানমন্ত্রী চোদ্দটি নতুন গ্রিনফিল্ড স্মার্ট শিল্প এস্টেট এবং চিকিৎসার কাজে ব্যবহৃত সরঞ্জামের একটি পার্ক সহ গুরুত্বপূর্ণ পরিকাঠামো সংক্রান্ত একগুচ্ছ প্রকল্প উদ্বোধন করবেন। এ ছাড়াও আহমেদাবাদ মেট্রোর সেক্টর ১০A থেকে গান্ধীনগরের মহাআমা মন্দির মেট্রো স্টেশন পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন করবেন তিনি।

০০০০০০০০০০০০০০০০

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ফ্রান্স ও লুক্সেমবুর্গ সফর শেষে দেশে ফিরেছেন। এই সফরের মধ্যে দিয়ে ভারত ও ইউরোপের মধ্যে দীর্ঘ মেয়াদী সম্পর্ক আরও দৃঢ় হয়েছে। ডঃ জয়শঙ্কর বলেছেন, তিনি ফ্রান্সের রাষ্ট্রপতি ইম্যানুয়াল ম্যাক্রো'র সঙ্গে সাক্ষাত করেন। ফ্রান্সের বিদেশমন্ত্রী জ্যা নোয়েল ব্যারোটের সঙ্গে একাধিক দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা করেন। ভারত -ফ্রান্স উত্তোলন বছরকে সামনে রেখে উভয়পক্ষের মধ্যে উত্তোলন, প্রযুক্তি,স্ট্রাট আপ,স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি প্রতিরক্ষা,নিরাপত্তা,মহাকাশ,অসামরিক পারমাণবিক ক্ষেত্র এবং সমুদ্র নিরাপত্তা,অর্থনীতি এবং আন্তর্জাতিক উন্নয়নের মতন কৌশলগত বিষয়েও আলোচনা হয়।

বিদেশ মন্ত্রী ফ্রান্সে রাষ্ট্রদূতদের ৩১-তম সম্মেলনে বিশেষ অতিথি হিসেবেও উপস্থিত ছিলেন। এই প্রথম ইউরোপের বাইরের কোন দেশের বিদেশ মন্ত্রী এই সম্মানে ভূষিত হলেন। এছাড়াও ডঃ জয়শঙ্কর ভারত-ভাইমার বিদেশ মন্ত্রীদের প্রথম বৈঠকে উপস্থিত ছিলেন। এখানে ভারতের সঙ্গে ইউরোপ এবং ইউরোপীয় ইউনিয়নের সম্পর্ক নিয়ে আলোচনা হয়। ওই বৈঠকে ফরাসী সাংসদরাও উপস্থিত ছিলেন।

পাশাপাশি , লুক্সেমবুর্গে তিনি সেদেশের প্রধানমন্ত্রী লুক ফ্রিডেনের আমন্ত্রণে যান। সফরকালে উপ প্রধানমন্ত্রী তথা বিদেশ মন্ত্রী হ্যাভিয়ের বেটেলের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে রাজনৈতিক সহযোগিতা, ব্যবসা বাণিজ্য উত্তোলন, ডিজিটাল প্রযুক্তি, মহাকাশ সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, স্বদেশী এবং স্বভাষার মন্ত্রে ভারত আত্মনির্ভর হয়ে উঠবে। রাজস্থানের যোদপুরে এক অনুষ্ঠানে তিনি দেশবাসীদের প্রতি স্বদেশী সামগ্রী ব্যবহার ও বাড়িতে মাতৃভাষার মাধ্যমে কথপোকথনের পরামর্শ দেন তিনি। শ্রী শাহ বলেন, ভাষার মাধ্যমেই সমাজ, সংস্কৃতি এবং ধর্ম রক্ষা করা সম্ভব। শিশুদের

সঙ্গে মাতৃভাষায় কথা বলার পরামর্শ দিয়ে মন্ত্রী বলেন, এর মাধ্যমে শিকড়ের সঙ্গে যোগসূত্র তৈরী হবে। আত্মনির্ভর ভারতে লক্ষ্যে ও ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিশ্বের নেতৃত্ব স্থানে নিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডবিয়া আজ সকালে নতুন দিল্লিতে ৫৬তম Fit India Sundays on Cycle-এ অংশগ্রহণ করেন। সারা দেশ থেকে বিকশিত ভারত ইয়াং লিডার্সরা এতে যোগ দেন। উপস্থিত ছিলেন টেনিস তারকা লিয়েন্ডার পেজ ও শাটলার ফুল্লেলা গোপীচাঁদ।

অনুষ্ঠানে ডঃ মান্ডবিয়া বলেন, সাইক্লিং ভারসাম্য রক্ষা শেখায় এবং নেতৃত্ব প্রদানের ক্ষেত্রে ভারসাম্য খুবই জরুরী। দেশের যুব সমাজের ধৈর্যশীল হতে সাইক্লিং শেখা জরুরী। এর মাধ্যমে প্রয়োজন মতো ধীর অথবা দ্রুত গতি তোলা সম্ভব।

(বাইট - মান্ডবিয়া)

০০০০০০০০০০০০০০০০০

কেরলের নিলম্বিত কংগ্রেস বিধায়ক রাহুল মানগুটাথিলকে গতকাল গভীর রাতে গ্রেফতার করেছে কেরল পুলিশের বিশেষ তদন্তকারী দল। ওই বিধায়কের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ রয়েছে। পালাক্কাডের এক হোটেল থেকে তাকে গ্রেফতার করা হয়। ক্রাইম ব্রাঞ্চ দফতরে তাকে জেরা করছেন তদন্তকারীরা।

০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে আরো এক হিন্দু যুবকের মৃত্যুতে সেদেশে ধর্মীয় সংখ্যলঘুদের ওপর নির্যাতনের ঘটনায় উদ্বেগ বেড়েছে। গত শুক্রবার শ্রীহট্টের হাসপাতালে ১৯ বছরের জয় মহাপাত্রের মৃত্যু হয়। অভিযোগ, সুনামগঞ্জের দেরাই উপজেলায় একটি মোবাইল ফোনের মাসিক কিস্তি দেওয়া নিয়ে বিবাদের জেরে তাঁকে বিষ খেতে প্ররোচিত করা হয়। জয়ের পরিবারের আরো অভিযোগ, বুরহানপুর গ্রামের আমিরুল ইসলাম গ্রামের ওই দোকানদার

মাসিক কিস্তির ৫০০ টাকা দিতে দেরী হওয়ায়, জয়কে মারধোর এবং চূড়ান্ত হেনস্থা করে।

স্থানীয় সূত্রে জানা গেছে, মাস তিনেক আগে ৫'হাজার ৫০০ বাংলাদেশী টাকায় জয় ওই মোবাইল ফোনটি কিনেছিলেন। তাঁর বাকি ছিল আড়াই হাজার টাকা, যা নিয়ে বিবাদের সূত্রপাত। পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে, এখনো পর্যন্ত কোনো মামলা রুজু হয়নি।

বাংলাদেশে সংখ্যলঘুদের ওপর আক্রমণের ঘটনা বাড়তে থাকার পর গত একমাসের'ও কম সময়ে এই নিয়ে আট জন হিন্দুর মৃত্যুর খবর এসেছে।

০০০০০০০০০০০০০০০০০

ব্রিটেনের ছায়া বিদেশ সচিব (shadow secretary) প্রীতি প্যাটেল, বাংলাদেশে হিন্দু নিধনের ঘটনা এবং ক্রমবর্ধমান হিংসার প্রেক্ষিতে ব্রিটিশ সরকারের হস্তক্ষেপ দাবী করেছেন।

ভারতীয় বংশোদ্ধৃত রক্ষণশীল দলের এই সাংসদ ব্রিটেনের বিদেশ সচিব বেট কুপারকে সোশ্যাল মিডিয়ায় লেখা এক চিঠিতে, লেবার পার্টি সরকারের এ বিষয়ে বিবৃতি দেওয়ার দাবী জানিয়েছেন। সাম্প্রতিক কালে ১৮ দিনের মধ্যে অন্তত ৬'জন হিন্দুকে হত্যা করা হয়েছে বলে শ্রীমতী প্যাটেল ওই চিঠিতে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

পাকিস্তানের সিন্ধ প্রদেশে ফের এক হিন্দু সংখ্যলঘুকে খুনের অভিযোগ উঠেছে। মৃতের নাম কেলাস কোহলি। তিনি পেশায় কৃষক। অভিযোগ, ওই জমির মালিক শরফরাজ নিজামানি তাকে গুলি করে খুন করে। পুলিশ অভিযুক্ত ব্যক্তি ও তার এক সহযোগীকে গ্রেফতার করেছে। জমিতে একটি ছাউনি তৈরিকে কেন্দ্র করে বিবাদের জেরে এই খুন বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

মায়ানমারের সাধারণ নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোটগ্রহণ চলছে। পাঁচ বছর পর এই নির্বাচন হচ্ছে। দেশের ১০০টি শহরে ভোটগ্রহণ কেন্দ্র তৈরি করা হয়েছে। কড়া নিরাপত্তার বন্দোবস্তো করা হয়েছে। সাম্প্রতিককালে একাধিকবার সংঘর্ষের জেরে এবার তিনি দফায় মায়ানমারে নির্বাচন হচ্ছে। প্রথম দফায় গত ২৮ ডিসেম্বর ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। তৃতীয় দফার ভোটগ্রহণ হবে আগামী ২৫ জানুয়ারি।

০০০০০০০০০০০০০০০০

মার্কিন সামরিক বাহিনী সিরিয়ায় ইসলামিক স্টেট জঙ্গি গোষ্ঠীকে লক্ষ্য করে একাধিক হামলা চালিয়েছে। সিরিয়ার নিরাপত্তা বাহিনী এই অভিযানে মার্কিন বাহিনীকে সহযোগিতা করছে। মার্কিন সেন্ট্রাল কমান্ডের বিবৃতিতে অবশ্য এই হামলায় কোনো হতাহতের উল্লেখ করা হয়নি, বলা হয়েছে গত মাসে সিরিয়ায় ইসলামিক স্টেট জঙ্গিদের হাতে মার্কিন সামরিক বাহিনীর দুই সদস্য নিহত হওয়ার পর শুরু হওয়া অভিযানের অংশ হিসেবে এই হামলা।

০০০০০০০০০০০০০০০০

নয়ডায় অনুষ্ঠিত জাতীয় বক্সিং চ্যাম্পিয়নশিপ ২০২৬-এ মহিলাদের ৭৫ কেজি বিভাগে লভলিনা বরগোহাঁই এবং ৫২ কেজি বিভাগে নিখাত জারিন শিরোপা জিতেছেন। ২০২০-র টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদকজয়ী লভলিনা গতকাল ফাইনাল ম্যাচে সানামাচা চানু থোকচম কে ৫-০ ব্যবধানে হারিয়ে খেতাব জয় করেন। দুইবারের বিশ্ব চ্যাম্পিয়ন নিখাত জারিন মহিলাদের ৫২ কেজি বিভাগে প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন নীতু ঘাঁহাসকে ৫-০ ব্যবধানে পরাজিত করে শিরোপা জেতেন।

বিশ্ব চ্যাম্পিয়ন মীনাক্ষী হৃড়া মঞ্জু রানীকে ৫-০ ব্যবধানে হারিয়ে মহিলাদের ৪৮ কেজি শিরোপা নিশ্চিত করেন,
অন্যদিকে অলিম্পিয়ান পূজা রানী মহিলাদের ৮০ কেজি ফাইনালে একই ব্যবধানে নাইনাকে পরাজিত করেন।

পুরুষদের ৫৫ কেজি বিভাগে, যাদুমণি সিং ফাইনালে পবন বাটওয়ালকে ৫-০
ব্যবধানে পরাজিত করে শিরোপা জিতেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ভদোদরা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচের একদিনের ক্রিকেট
সিরিজের প্রথম ম্যাচে ভারত, নিউজিল্যান্ডের মুখোমুখি হয়েছে। ভারত টসে জিতে
নিউজিল্যান্ডকে ব্যাট করতে পাঠিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেট প্রতিযোগীতার চতুর্থ ম্যাচে আজ গুজরাত
জায়েন্টসের মুখোমুখি হবে দিল্লি ক্যাপিটালস। নভি মুস্বিয়ের ডি ওয়াই পাটিল স্পোর্টস
অ্যাকাডেমিতে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০